

ফাতওয়া নাম্বার: ৮৪

প্রকাশকাল: ৩০ ই জুলাই, ২০২০ ইংরেজি

যাকাতযোগ্য কয়েক ধরনের সম্পদ অল্প অল্প করে থাকলে কী করণীয়?

প্রশ্নঃ

ক. কেউ টাকার হিসেবে যাকাতের নেসাবের মালিক এবং পৃথকভাবে তার কাছে কিছু সোনাও আছে, তবে তা দ্বারা নেসাব পূর্ণ হয় না। তাহলে ওই সোনার মূল্যও কি যাকাতের সম্পদের সাথে মিলাতে হবে? না, শুধু টাকার যাকাত আদায় করলেই ফরজ আদায় হয়ে যাবে?

খ. কারো কাছে একাধিক সম্পদ আছে; টাকা, সোনা, রুপা, ব্যবসায়িক পণ্য। তবে ওগুলোর কোনটাই আলাদা আলাদা ভাবে নেসাব পরিমাণ হয় না। কিন্তু সবগুলোর মূল্য একত্র করলে নেসাব পরিমাণ হয়। এমতাবস্থায় তার ওপর কি যাকাত ফরজ হবে? ফরজ হলে কীভাবে যাকাত দিবে? এবং মূল্য নির্ধারণের ক্ষেত্রে সোনার নেসাব ধর্তব্য হবে, না রুপার?

প্রশ্নকারী-মুহাম্মাদ সাইফুল্লাহ

উত্তর:

ক. হ্যাঁ, একজন ব্যক্তি যদি যাকাতযোগ্য সম্পদের নেসাবের মালিক হন এবং তার কাছে এ পরিমাণ সোনা থাকে, যা আলাদাভাবে নেসাব পরিমাণ নয়, তাহলেও তাকে উক্ত সোনার বিক্রয়মূল্য হিসেব করে একত্রে যাকাত আদায় করতে হবে।

খ. একাধিক প্রকারের সম্পদ মিলিয়েও যদি নেসাব পরিমাণ হয়, তাহলেও যাকাত আদায় করা ফরজ। এক্ষেত্রে যেই নেসাবের পরিমাণ কম, সেটা ধর্তব্য হবে। বলা বাহুল্য, বর্তমানে রূপার মূল্য কম। সুতরাং যাকাতযোগ্য সবগুলো সম্পদের মূল্য যদি সাড়ে বায়ান্ন ভরি রূপার সমপরিমাণ হয়, তাহলেই যাকাত আদায় করতে হবে। -মুসান্নাফ ইবনে আবি শাইবা: ৯৯৭৯, হিন্দিয়া: ১/১৭৯, রদ্দুল মুহতার: ২/৩০৩

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)



২৭-১১-১৪৪১ হি.

১৯-০৭-২০২০ ইং

اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ